দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 02 AUG 2007
পৃষ্ঠা ৬ কলাম ৫

# কলেজে ভর্তির ক্ষেত্রে সরকারি নীতিমালা মানা হচ্ছে না

রাজধানীর সরকারি-বেসরকারি বেশ কিছু কলেজে এইচএসসিতে ভর্তির ক্ষেত্রে সরকার ঘোষিত নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফি-এর চেয়ে বেশি টাকা আদায় করা হচ্ছে। নীতিমালা অনুযায়ী ভর্তির জন্য আবেদন ফরম বাবদ ১০ টাকা ও ভর্তির ব্যবস্থাপনা বাবদ ৫০ টাকা নির্ধারণ করা হয়। কিন্তু বেশিরভাগ কলেজে ভর্তি ফরম বাবদ ১০০ টাকা করে নেয়া হচ্ছে। সবকিছু মিলিয়ে ভর্তি বাবদ খরচ হওয়ার কথা ৩২৭ টাকা। কিন্তু জানা গেছে, সরকারি-বেসরকারি উভয় ধরনের কলেজে এ নিয়ম মানা হচ্ছে না। ঢাকা কলেজে প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে ১৪০০ টাকা; রকারি বদরুন্নেছা কলেজে নেয়া হচ্ছে ১৭০০ টাকা। তিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজে নেয়া হচ্ছে ৯৬৬০ কা, সিটি কলেজে নেয়া হচ্ছে ১২,৭১৭ টাকা, মতিঝিল ডল কলেজে নেয়া হচ্ছে ৪৬৬০ টাকা, মিরপুর গার্লস ইডিয়াল কলেজে নেয়া হচ্ছে ৫৮৭০ টাকা, লালমাটিয়া মহিলা কলেজে নেয়া হচ্ছে ৭৫০০ টাকা, আজিমপুর গার্লস কলেজে নেয়া হচ্ছে ২৭০০ টাকা, নারায়ণগঞ্জ কলেজে নেয়া হচ্ছে ২৮০০ টাকা। নীতিমালার কোনো ব্যত্যয় ঘটলে বেসরকারি কলেজের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা বাতিলসহ এমপিও বাতিল করা হবে এবং সরকারি কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধ্যক্ষের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে নীতিমালায় হুঁশিয়ারি করে দেয়া হয়েছে। কিন্তু সরকারি নীতিমালা উপেক্ষা করে কলেজে অতিরিক্ত ভর্তি ফি আদায় করা হচ্ছে এবং গরিব মেধাবী ও মধ্যবিত্ত পরিবারের ছেলেমেয়েদের ভর্তি হতে হিমশিম খেতে হচ্ছে। সরকারিভাবে মনিটরিং-এর কোনো ব্যবস্থা না থাকায় বেশি ফি আদায় করা হচ্ছে বলে মনে করি। এ-ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

জনৈক অভিভাবক